দৈনিক ইত্তেফাক

তারিখ ... JAN. 4 .. 1999 ...
পৃষ্ঠা ০২ কলাম ... ২ ...

### বহুধাবিভক্ত সংগঠনের পৃথক পৃথক কর্মসূচী

# আজ বাংলাদেশ ছাত্র লীগের ৫১তম প্রতিষ্ঠাবার্ষিকী

**স্টাফ রিপোর্টার ঃ** আজ ৪ জানুয়ারী বাংলাদেশ ছাত্র লীগের ৫১তম প্রতিষ্ঠাবার্ষিকী। ১৯৪৮ সালের এই দিনে ছাত্র লীগের জন্ম হয়। দীর্ঘ সংগ্রামের পথ পেরিয়ে ছাত্র লীগ আজ ৫২ বছরে পদার্পণ করছে। বহুধাবিভক্ত ছাত্র লীগ আজ পৃথক পৃথক কর্মসূচীর মধ্যদিয়ে সংগঠনের প্রতিষ্ঠাবার্ষিকী পালন করবে।

মুজিববাদী ছাত্র লীগের প্রতিষ্ঠাবার্ষিকীর কর্মসূচী গতকাল রাতে শুরু হয়েছে। রাত ১২টা ১ মিনিটে ছাত্র লীগ কর্মীরা ধানমন্ডির ৩২ নম্বর বাড়ীতে মরহুম শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে। রাত সাড়ে ১২টায় কার্জন হলে ৫১টি মোমবাতি জ্বালিয়ে ও কেক কেটে কর্মসূচীর উদ্বোধন করা হয়। ছাত্র লীগ সভাপতি বাহাদুর বেপারী ও সাধারণ সম্পাদক অজয় কর খোকন মোমবাতি জ্বালান ও কেক কাটেন। এ উপলক্ষে আজ সকাল ১১টায় পল্টন ময়দানে পুনর্মিলনী ও আলোচনা সভা অনুষ্ঠিত হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন। ছাত্র লীগ সভাপতি বাহাদুর বেপারী সভায় সভাপতিত্ব করেন।

জাসদ ছাত্র লীগ সকাল ৬টায় দলীয় কার্যালয়ে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলনের মাধ্যমে দিবসের কর্মসূচী শুরু করবে। সকাল ৭টায় কেন্দ্রীয় শহীদ মিনারে শ্রদ্ধাঞ্জলী অর্পণ, ১১টায় অপরাজেয় বাংলা থেকে র‍্যালি এবং দুপুর ১২টায় অপরাজেয় বাংলার পাদদেশে আলোচনা সভা অনুষ্ঠিত হবে। বিকেল ৩টায় টিএসসি সেমিনার কক্ষে পুনর্মিলনী ও ইফতার পার্টির আয়োজন করা হয়েছে।

বাসদ ছাত্র লীগ আজ সকাল ১১টায় ক্যাম্পাসে মিছিল ও সমাবেশের কর্মসূচী দিয়েছে।

জাগপা ছাত্র লীগ আজ শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ, জাতীয় ও সংগঠনের পতাকা উত্তোলন, নগর ছাত্র লীগের সম্মেলন এবং পহেলা ফেব্রুয়ারী পুনর্মিলনী অনুষ্ঠানের কর্মসূচী নিয়েছে।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় রিপোর্টার জানান, বাংলাদেশ ছাত্র লীগের ৫১তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপনের লক্ষ্যে জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখা ছাত্র লীগ গতকাল বিশ্ববিদ্যালয় অডিটরিয়ামে এক কর্মী সভার আয়োজন করে।